

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০১৪.১৮-৪৯২

তারিখ:-২৮-০৬-২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ কোভিড-১৯ পরীক্ষা-নিরীক্ষার ইউজার ফি'র হার নির্ধারণ

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ RT-PCR টেস্ট এর মাধ্যমে নির্ণয় করা হয়। বর্তমানে এ পরীক্ষা সরকার বিনামূল্যে প্রদান করছে। ফলে কোন উপসর্গ ছাড়াই অধিকাংশ মানুষ এ পরীক্ষা করানোর সুযোগ গ্রহণ করছেন।


০২। এমতাবস্থায়, কোভিড-১৯ এর সংক্রমণ নিয়ন্ত্রণ ও সুস্থ ব্যবস্থাপনার নিমিত্ত অপ্রয়োজনীয় কোভিড টেস্ট পরিহার করার লক্ষ্যে অর্থ বিভাগের ১৫-০৬-২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০২.১৫-১১ সংখ্যক স্মারকের সম্মতি পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপ RT-PCR টেস্ট এর ফি/হার নির্ধারণ করা হলোঃ

ক্রম নং	কোভিড-১৯ নমুনা পরীক্ষা-নিরীক্ষার বিবরণ	নির্ধারিত ফি
১	বুথ থেকে সংগৃহীত নমুনা	২০০/- (দুইশত) টাকা
২	বাসা থেকে সংগৃহীত নমুনা	৫০০/- (পাঁচশত) টাকা
৩	হাসপাতালে ভর্তি রোগীর নমুনা	২০০/- (দুইশত) টাকা

শর্তসমূহঃ

- এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারী কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮-৬৩ এ জমা করতে হবে।
- ‘চিকিৎসা সুবিধা বিধিমালা’ ১৯৭৪ এর আওতায় সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ সুবিধা বহাল থাকবে।
- বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারী আদেশ বহাল থাকবে।
- সকল সরকারি হাসপাতালের ক্ষেত্রে উল্লিখিত হারে ফি নির্ধারণ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(ড. বিলকিস বেগম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক, জেলা/জেনারেল হাসপাতাল (সকল)
- ৪। সিভিল সার্জন (সকল)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল)

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩। যুগ্ম-সচিব (সকল)/যুগ্ম-প্রধান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা), ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তৌকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।